কালের কণ্ঠ

তারিখ 30 MAY 2016
পৃষ্ঠা ৩ কলাম ৬

# ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিংয়ে অনলাইনে ভর্তির আবেদন শুরু আজ

নিজস্ব প্রতিবেদক ▷

কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন চার বছর মেয়াদি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিংয়ে অনলাইনে ভর্তির আবেদন শুরু হচ্ছে আজ সোমবার। শিক্ষার্থীরা ১২ জুন পর্যন্ত আবেদন করতে পারবে। কারিগরি বোর্ডের ওয়েবসাইটে ঢুকে অনলাইনে এই আবেদন করতে হবে। ২০১৪, ২০১৫ ও ২০১৬ সালের এসএসসি ও সমমান পরীক্ষায় যারা সাধারণ গণিত বা উচ্চতর গণিতে কমপক্ষে জিপিএ ৩ সহ ৩.৫ জিপিএ পেয়েছে তারাই আবেদন করতে পারবে। এর বাইরে এসএসসিসহ কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত দুই বছর মেয়াদি ট্রেড কোর্সে পাস করা শিক্ষার্থীরাও আবেদন করতে পারবে। তবে আবেদন ফরম জমা দেওয়ার শেষ তারিখ পর্যন্ত শিক্ষার্থীর বয়স অনূর্ধ্ব ২২ বছর হতে হবে।

কারিগরি বোর্ড সূত্র জানায়, এবারে প্রথম ও দ্বিতীয় শিফটে একবারেই আবেদন করতে হবে। প্রতি শিফটে ভর্তীচ্ছুরা ১০টি করে প্রতিষ্ঠান-টেকনোলজি পছন্দ করতে পারবে। ভর্তির বিস্তারিত তথ্য কারিগরি শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এবং শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইট থেকে জানা যাবে।

আগামী ১৮ জুন ভর্তির ফল প্রকাশ করা হবে। ১৯ থেকে ২২ জুন ভর্তি কার্যক্রম চলবে। অপেক্ষমাণ তালিকা থেকে ভর্তি চলবে ২৫ জুন থেকে ২৫ জুলাই পর্যন্ত। ক্লাস শুরু ১৬ আগস্ট থেকে।

জানা যায়, চলতি বছর ১১৪টি সরকারি কারিগরি প্রতিষ্ঠানে ৫৭ হাজার ৭৮০ জন শিক্ষার্থী ভর্তির সুযোগ রয়েছে।

এ ছাড়া বেসরকারি ৯৮৬টি প্রতিষ্ঠানে এক লাখ ৫৮ জন শিক্ষার্থী ভর্তির সুযোগ পাবে।